

আল কুরআন
 অনন্ত করুণাময় পরম দয়ালু
 আল্লাহর নামে আরম্ভ করছি

 আর তাদের মধ্যে একদল রয়েছে,
 যারা বিকৃত উচ্চারণে মুখ বাঁকিয়ে
 কিতাব পাঠ করে, যাতে তোমরা
 মনে কর যে, তার কিতাব থেকেই
 পাঠ করছে।
 সূরা আল ইমরান ৭৮

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আঙ্গিক, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানবের সিমেন্ট
শ্রদ্ধাঙ্গী
 ইমারতের মজবুত স্ট্রাকচার
 সেরা : ০২৯১০০৬৬৬৬৬, ০২৯১০০২৭০০৪

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ২৪ সেপ্টেম্বর ২০২৬ ॥ ১২ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ১১ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১১০ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



**আইনের শাসন ও গণতন্ত্রের
অভিযাত্রী অব্যাহত রাখার
তাগিদ রাষ্ট্রপতির**
 কীর্তনখোলা ডেস্ক
 রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম
 আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ
 করেছেন আর্টসি-জেনারেল ব্যারিস্টার
 মো. রুহুল ২ এর পাতায় দেখুন



**হাসিনার ষড়যন্ত্রে
সায় দিচ্ছে গুপ্ত
বাহিনী: রিজভী**
 কীর্তনখোলা ডেস্ক
 স্বরাষ্ট্র মন্ত্রণালয় সচিব প্রদানমন্ত্রী শেখ
 হাসিনা ভারত থেকে দেশকে
 অস্থিতিশীল করার ষড়যন্ত্র করছেন, আর
 দেশের ২ এর পাতায় দেখুন



**এমপি-মন্ত্রীদের বেতন
বাড়ানোর উদ্যোগে
বাধা দেবে জামায়াত**
 কীর্তনখোলা ডেস্ক
 সরকারি কর্মকর্তা-কর্মচারীদের নতুন
 বেতনকাতামোর সঙ্গে সামঞ্জস্য রেখে
 রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রিপরিষদ সদস্য
 ও সংসদ ২ এর পাতায় দেখুন



**চেয়ারম্যান প্রার্থীর জামানত
২৫ হাজার, সমান ভোট
পেলে পুনরায় নির্বাচন**
 কীর্তনখোলা ডেস্ক
 দেশের ইউনিয়ন পরিষদ (ইউপি)
 নির্বাচনের বিধানমালা সেপ্টেম্বর ২০২৬-
 এর সংশোধনী এনে নতুন গেজেট
 প্রকাশ ২ এর পাতায় দেখুন

আওয়ামীপন্থিদের সরাতে বিভাগ-জেলা উপজেলার সব কমিটি পুনর্গঠনের নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও সংস্থার আওতায় বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত বিদ্যমান সব কমিটি পুনর্গঠনের নির্দেশ দিয়েছে প্রধানমন্ত্রীর কার্যালয়। পুনর্গঠিত কমিটিতে স্থানীয় পর্যায়ের তিনজন গণ্যমান্য ব্যক্তিকে, এর মধ্যে অন্তত একজন নারীকে মনোনয়ন দেওয়ার বিষয়টিও নিশ্চিত করতে বলা হয়েছে। সম্প্রতি প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে এ নির্দেশনার চিঠি সব মন্ত্রণালয় ও বিভাগের সিনিয়র সচিব/সচিবদের কাছে পাঠানো হয়েছে। মূলত কমিটিগুলো থেকে 'আওয়ামীপন্থি লোকজনকে সরাতে' এ পদক্ষেপ নেওয়া হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। প্রধানমন্ত্রীর কার্যালয়ের চিঠিতে বলা হয়, সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও সংস্থার কার্যক্রম পরিচালনার জন্য বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন কমিটি রয়েছে। বিদ্যমান এসব কমিটি পর্যালোচনা



দেখা যায়, অধিকাংশ কমিটি বেশ কয়েক বছর আগে গঠিত হয়েছে। এছাড়া কিছু কমিটির প্রজ্ঞাপন ও কার্যক্রম সংক্রান্ত হালনাগাদ তথ্য পাওয়া যাচ্ছে না। এ কারণে এসব কমিটি পুনর্গঠন করে হালনাগাদ করা প্রয়োজন। এতে আরও বলা হয়, মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর ও সংস্থার বিদ্যমান কমিটিগুলোতে সব অংশীজনের প্রতিনিধিত্ব নিশ্চিত করে সব কমিটি পুনর্গঠন করতে হবে। পাশাপাশি পুনর্গঠিত কমিটিতে স্থানীয় পর্যায়ের তিনজন গণ্যমান্য ব্যক্তিকে, এর মধ্যে একজন নারী প্রতিনিধিসহ সংশ্লিষ্ট কমিটির সভাপতি বা আহ্বায়কের মনোনয়ন দেওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। চিঠিতে অগ্রাধিকার ভিত্তিতে সংযুক্ত তালিকায় থাকা ৯৮টি কমিটিসহ মন্ত্রণালয়, বিভাগ, দপ্তর ও সংস্থার আওতায় বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে অন্যান্য বিদ্যমান সব কমিটি হালনাগাদ করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে জানানোর অনুরোধ করা হয়েছে।

প্রবল এল নিনো: ছয় মাসে সাড়ে ৪ লাখ মানুষের মৃত্যুর শঙ্কা

কীর্তনখোলা ডেস্ক

প্রবল এল নিনোর কারণে আগামী ছয় মাসে অভিরিক্ত গরমে বিশ্বজুড়ে ৪ লাখ ৫০ হাজারের বেশি মানুষের মৃত্যু হতে পারে। জলবায়ু বিজ্ঞানীদের করা গবেষণা অনুযায়ী, ইন্দোনেশিয়া, ভারত ও নাইজেরিয়ার মতো দেশ থেকে শুরু করে যুক্তরাষ্ট্র পর্যন্ত এর প্রভাব পড়তে পারে। জলবায়ু পরিবর্তনের কারণে অভিরিক্ত গরমে এরই মধ্যে যে মৃত্যুগুলো হচ্ছে সেগুলো এই হিসাবে ধরা হয়নি। এল নিনোর প্রভাবে খরা, দাবাল ও বন্যার মতো দুর্ঘটনাও বাড়তে পারে। ফলে প্রকৃত মৃত্যুর সংখ্যা আরও বেশি হওয়ার আশঙ্কা রয়েছে। এল নিনো হলো প্রশান্ত মহাসাগরের মধ্য ও পূর্ব অংশের সমুদ্রের পানি স্বাভাবিকের তুলনায় বেশি উষ্ণ হয়ে যাওয়ার জলবায়ুজনিত ঘটনা। এর প্রভাব পৃথিবীর বিভিন্ন অঞ্চলের আবহাওয়া ও তাপমাত্রায় পড়ে। আর এই সমুদ্রের ২ এর পাতায় দেখুন



জ্বালানি তেলের মূল্য বৃদ্ধি ও দেশব্যাপী আইনশৃঙ্খলার অবনতির বিরুদ্ধে এনসিপি বরিশাল জেলা ও মহানগর এর অয়োজনে নারীতে মিছিল

বাসের পর এবার লঞ্চার ভাড়া বাড়িয়েছে সরকার

কীর্তনখোলা রিপোর্ট

এবার লঞ্চভাড়া বাড়িয়েছে সরকার। জ্বালানি তেলের দাম বাড়ায় প্রতি কিলোমিটারে লঞ্চার ভাড়া ২৩ পয়সা বাড়ানোর বৃদ্ধির নৌপরিবহন মন্ত্রণালয়ে নৌযান মালিক সমিতি ও সংশ্লিষ্ট

কিলোমিটারের ভাড়া ২০ পয়সা করে বাড়ানো হয়েছে। একই সঙ্গে নৌপথে যাতায়াতে সর্বনিম্ন ভাড়া ৩২ থেকে বাড়িয়ে ৩৫ টাকা করা হচ্ছে। গতকাল ২৩ তারিখে সরকারি নৌপরিবহন মন্ত্রণালয়ে নৌযান মালিক সমিতি ও সংশ্লিষ্ট

অংশীজনের সঙ্গে বৈঠক শেষে সংবাদিকদের এ তথ্য জানান নৌপরিবহনমন্ত্রী শেখ রশিদুল আলম। গত রোববার রাতে জ্বালানি তেলের দাম লিটারে ২০ টাকা বাড়িয়েছে সরকার। এরপর মঙ্গলবার ২ এর পাতায় দেখুন

রোহিঙ্গা প্রত্যাবাসন- দ্বিপাক্ষিক বাণিজ্যে গুরুত্বারোপ প্রধানমন্ত্রীর

কীর্তনখোলা ডেস্ক

জাতিসংঘ সাধারণ পরিষদের (ইউএনজিএ) ৮১তম অধিবেশনের প্রথম দিনে প্রধানমন্ত্রী তারেক রহমান একাধিক দ্বিপাক্ষিক বৈঠক করেছেন। এসব বৈঠকে গুরুত্ব পেয়েছে রোহিঙ্গা সংকটের টেকসই সমাধান ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসন, দ্বিপাক্ষিক বাণিজ্য-বিনিয়োগ ও আঞ্চলিক সহযোগিতার নতুন ক্ষেত্র তৈরির বিষয়ে। পাশাপাশি এলভিসি থেকে উত্তরণে সময় বাড়ানোর বিষয়ে সদস্য দেশগুলোর কাছ থেকে সমর্থন আদায়ের বিষয়টিও তুলে ধরেছেন প্রধানমন্ত্রী। বিজ্ঞাপন মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) রাতে নিউইয়র্কে বাংলাদেশ স্থায়ী মিশনে এক সংবাদ ব্রিফিংয়ে প্রধানমন্ত্রী উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদি আমিন এসব তথ্য জানান। নিউইয়র্কে জাতিসংঘ মহাসচিবের মিয়ানমারবিষয়ক বিশেষ দূত জুলি বিশপ, তুরস্কের প্রেসিডেন্ট রিপে তাইয়িগা এরদোয়ান ও তুতানির ২ এর পাতায় দেখুন

সরকারি হাসপাতালের ১ কিমির মধ্যে নতুন ক্লিনিক নয়, প্র্যাকটিসও বন্ধ

কীর্তনখোলা ডেস্ক

সরকারি হাসপাতালের এক কিলোমিটারের মধ্যে নতুন কোনো ক্লিনিক বা ডায়াগনস্টিক সেন্টার স্থাপনের অনুমতি দেওয়া হবে না বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। একই সঙ্গে এই সীমার মধ্যে থাকা বিদ্যমান কোনো বেসরকারি হাসপাতালে সরকারি হাসপাতালের চিকিৎসকরা প্র্যাকটিস করতে পারবেন না। এ সংক্রান্ত অফিস আদেশ জারি করে স্বাস্থ্য অধিদপ্তর। এতে সহী করেন অধিদপ্তরের হাসপাতাল ও ক্লিনিকসমূহ শাখার পরিচালক ডা. মো. নূরুল ইসলাম। আদেশে বলা হয়, গত ১৭ আগস্ট প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত স্বাস্থ্য সেবার মান উন্নয়ন বিষয়ক সভার কার্যবিবরণীর তদ্রূপ নং-০৩ এর গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এই নির্দেশনা কার্যকর করা হয়েছে। ওই সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং গৃহীত ২ এর পাতায় দেখুন



পরিচালিত সন্ত্রাসের মাধ্যমে দেশকে অস্থিতিশীল করার প্রতিবাদের বরিশালে মহানগর ও জেলা স্বচ্ছাসেবকদলের বিক্ষোভ মিছিল

বরিশাল বিভাগীয় কমিশনার ও ডিআইজি কার্যালয়ের সামনে ককটেল বিস্ফোরণ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে বাটিকা মিছিল নিয়ে এসে বরিশাল বিভাগীয় কমিশনার ও রেঞ্জ ডিআইজি কার্যালয়ের কাছে সড়কে ককটেল বিস্ফোরণ ঘটিয়েছে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেতাকর্মীরা। বুধবার (২৩ সেপ্টেম্বর) দুপুর সোয়া ১টার

দিকে বরিশাল-ঢাকা মহাসড়কের কাশিপুর এলাকায় বিভাগীয় সদর দপ্তর সংলগ্ন পল্টা বিদ্যুতের মহাসড়কে ককটেলের বিস্ফোরণ ঘটিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থলের দোকানি মো. তামিম বলেন, বরিশাল-ঢাকা মহাসড়কের কাশিপুর স্কুল অ্যাড কলেজের দিক থেকে অর্ধশতাধিক লোক

মিছিল নিয়ে আসে। তারা জয় বাংলা স্লোগান দিয়ে বিভাগীয় কমিশনার কার্যালয়ের কাছে মহাসড়কে ককটেলের বিস্ফোরণ ঘটিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থলের দোকানি মো. তামিম বলেন, নারী চা দোকানি বলেন, হঠাৎ করে বিকট শব্দে আমরা আতঙ্কিত ২ এর পাতায় দেখুন

গণমানুষের কষ্ট লাঘব না হলে রাজপথে নামতে বাধ্য হবো চরমোনাই পীর

কীর্তনখোলা ডেস্ক

ইসলামী আন্দোলন বাংলাদেশের আমির ও চরমোনাই পীর সৈয়দ রেজাউল করীম বলেনছেন, সরকার কোনো ধরনের পূর্বাভাস না দিয়েই রাতে তেলের দাম লিটারে ২০ টাকা করে বাড়িয়েছে। এর প্রভাব জনজীবনের প্রতিটি ক্ষেত্রেই পড়বে। গণপরিবহনের ভাড়া বাড়ছে, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দামও বাড়ছে। তিনি বলেন, আন্তর্জাতিক বাজারে তেলের দামে অস্থিরতা থাকলেও জনগণের স্বার্থ বিবেচনায় তেলের দামে সরকারের তত্ত্বাবধি দেওয়া উচিত। সরকার তা করেনি। গ্যাসের অভাবে মিল-কারখানাগুলো বন্ধ হয়ে যাচ্ছে, মানুষ বেকার হচ্ছে। সামগ্রিকভাবে দেশের সাধারণ মানুষ আজ ভোগা নেই। সরকারকে সতর্ক করে বলতে চাই, গণমানুষের কষ্ট লাঘব না হলে রাজপথে নামতে বাধ্য হবে ইসলামী

ভোলায় ১৫ প্রকল্পের টাকা আত্মসাৎ সাবেক এমপিসহ ১৮ জনের বিরুদ্ধে চার্জশিট

কীর্তনখোলা রিপোর্ট

ভোলায় চিআর, কাবিখা ও কাবিটা কর্মসূচির ১৫টি প্রকল্পে কাজ না করে ও কম করে ৩৫ লাখ টাকা উত্তোলন করে আত্মসাৎ করে অভিযোগে সাবেক সংসদ সদস্য নুজুমুদৌল্লাহ সৈয়দ ১৮ জনের বিরুদ্ধে চার্জশিট দাখিল করেছে দুদক। দুদক প্রধান কার্যালয়ে ২ এর পাতায় দেখুন

ডেস্কতে মৃত্যু দুইশ ছাড়ালো, একদিনে হাসপাতালে ১৮৬৬

কীর্তনখোলা ডেস্ক

নতুন করে ডেস্ক আক্রান্ত হয়ে ছয়জনের মৃত্যু হয়েছে। চলতি বছরের ডেস্কতে মোট ২০১ জনের মৃত্যু হয়েছে। একদিনে এক হাজার ৮৬৬ জন ডেস্করোগী দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন। বুধবার (২৩ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেস্ক বিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় ডেস্ক আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর মধ্যে বরিশাল বিভাগে ১৭৮ জন, চট্টগ্রাম বিভাগে ৩১৭ জন, ঢাকা বিভাগে সিটি কর্পোরেশনের বাইরে ৪০৫ জন, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ১৭৩ জন, ঢাকা দক্ষিণ ২ এর পাতায় দেখুন



বরিশাল-ঢাকা আকাশপথে নিয়মিত ফ্লাইট চালুর দাবি

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সেস্টের নিয়মিত বিমান ফ্লাইট চালুর দাবি জানিয়েছে বরিশাল বিভাগ উন্নয়ন ও স্বার্থ সংরক্ষণ কমিটি। বুধবার (২৩ সেপ্টেম্বর) দুপুরে বরিশাল জেলা প্রশাসকের মাধ্যমে বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়ের মন্ত্রীর কাছে স্মারকলিপি প্রদান করা হয়। স্মারকলিপি গ্রহণকারে বরিশাল জেলা প্রশাসক মো. মামুন খন্দকার বিষয়টির গুরুত্ব বিবেচনায় মন্ত্রী বরাবর প্রেরণ করা হচ্ছে বলে জানান। এসময় বরিশাল বিভাগ উন্নয়ন ও স্বার্থ সংরক্ষণ কমিটির সভাপতি আইনজীবী নজরুল ইসলাম খান রাজন, সাধারণ সম্পাদক ডা. মিজানুর রহমান, সহ সভাপতি সিনিয়র সাংবাদিক নাহিদা উল আলমসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। আবেদনে বলা হয়, বরিশাল বিমানবন্দর নির্মাণের উদ্যোগ নেওয়া হয় ১৯৭৯ সালে। ১৯৯৯ সালে বিমানবন্দরটির নির্মাণকাজ শুরু হয় এবং পরবর্তীতে বরিশাল সেস্টের জাতীয় পতাকাবাহী বিমানের আনুষ্ঠানিক ফ্লাইট চালু হয়। সংগঠনটির দাবি, ২০২১ সালের ২৬ মার্চ থেকে বরিশাল সেস্টের নতুন উড়োজাহাজ দিয়ে নিয়মিত ফ্লাইট পরিচালনা শুরু হলেও পরবর্তীতে ফ্লাইট সংখ্যা কমে থাকে। এতে বরিশালসহ আশপাশের ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষার্থীর শিক্ষক, সক্ষম বাংলায় প্রসারিত বাংলা ভাষাপ্রতিষ্ঠান বরিশাল সরকারি ব্রাহ্মচর্য কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশের মন্ত্রণালয় শিক্ষাবোর্ডের সাবেক পদাধীশ নিম্নের

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রোগ্রামের ভিত্তিতে সচিব, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নথর প্রাপ্তিতে সহায়ক সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়সহ বিদ্যেচর প্রাচীন পদীক, সরকারি আশেপাশবাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সূজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিল্লা সদর দপ্তর, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি কারাগারের পাশে, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর দপ্তর, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর দপ্তর, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর দপ্তর, বরিশাল 01744-47767	নিউ মাহবুব লাইব্রেরি সদর দপ্তর, বরিশাল 01763-10772	রহমান বুক হাউজ কারাগারের পাশে, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি সদর দপ্তর, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হাট পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বিএম কলেজের পাশে, বরিশাল 01726-074663	হুক লাইব্রেরি বিএম কলেজের পাশে, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বিএম কলেজের পাশে, বরিশাল 01717-468083

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যিক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য বালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, জেলা জেলা: তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: নাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যিক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

কবীর্ভনাথানা ৩

আত্মজীবনী গ্রন্থিদিন

জ্ঞানানি তেলের দাম বাড়ায়

সাগরে যাওয়ার আগে প্রতিটি ট্রলারে প্রয়োজন অনুযায়ী হাজার হাজার লিটার জ্বালানি তেল মজুত করতে হয়। কয়েক দিন থেকে শুরু করে দীর্ঘসময় সাগরে অবস্থান করায় ট্রলার পরিচালনায় জ্বালানি খরচই অন্যতম বড় ব্যয়। জেলেরা জানান, সাগরে মাছ ধরতে যাওয়ার আগে জ্বালানি তেলের পাশাপাশি বরফ, খাবার, পানি, জাল ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জাম কিনতে হয়। এর সঙ্গে রয়েছে মাঝি ও জেলেরদের মজুরি। তেলের দাম বেড়ে যাওয়ায় মাছ ধরার অভিযানের শুরুতেই বাড়তি খরচ যোগ হচ্ছে। সাগরে প্রত্যাশিত পরিমাণ মাছ না পাওয়া গেলে কিংবা বাজারে মাছের দাম কম থাকলে লোকসানের আশঙ্কা বাড়ছে। পেশায় একজন জেলে আব্দুল কলিম মাঝি। সাগরে নিয়মিত মাছ ধরেন। তিনি বলেন, ‘সাগরে মাছ ধরতে গেলে একটি ট্রলারে বিপুল পরিমাণ তেল লাগে। তেলের দাম হঠাৎ বেড়ে যাওয়ায় সাগরে যাওয়ার আগেই আমাদের খরচ অনেক বেড়ে গেছে। মাছ ভালো না গেলে এই বাড়তি খরচ তুলে আনা কঠিন হয়ে যাবে। আমরা এখন অনেকটা দৃষ্টিভঙ্গির মধ্যে আছি।’ মৎস্য ব্যবসায়ী লোকমান বলেন, ‘আলিপুর-মহিপুর মৎস্যবন্দর থেকে প্রতিদিন শত শত ট্রলার সাগরে মাছ ধরতে যায়। প্রতিটি ট্রলারে হাজার হাজার লিটার জ্বালানি তেল প্রয়োজন হয়। তেলের দাম বাড়ায় মাছ আহরণের বরচও বেড়ে গেছে। এর প্রভাব মাছের বাজারের এবং জেলে ও ব্যবসায়ীদের ওপর পড়তে পারে।’ ট্রলার মালিকদের সঙ্গে কথা বলে জানা যায়, সাগরে মাছ ধরার অভিযানে জ্বালানি খরচ বড় ব্যয়। তেলের দাম বাড়ায় একটি ট্রলার সাগরে পাঠাতেই আগের তুলনায় বেশি মূল্যবন প্রয়োজন হচ্ছে। মাছ আহরণ কম হলে অথবা কাক্ষিত্য হলে বিক্রি করা সম্ভব না হলে বাড়তি ব্যয়ের কারণে লোকসানের ঝুঁকিও বাড়ছে। মহিপুরের এফবি সাইমন ট্রলারের মালিক রেজাউল মাহতুকের বলেন, ‘আগে ১০০ লিটারের এক ব্যারেল জ্বালানি তেলের দাম ছিল ২৫ হাজার ৫০০ টাকা, এখন তা কিনতে ২৭ হাজার ৫০০ টাকা লাগছে। একটি ট্রলারে সাগরে যেতে প্রায় চার হাজার তেল প্রয়োজন হয়। শুধু জ্বালানি তেলেই এখন বাড়তি প্রায় ২০ হাজার টাকা খরচ হচ্ছে। অর্থচ সাগরে আগের তুলনায় মাছও কম পাওয়া যাচ্ছে। আগে কিছু টাকা সম্বয় থাকতো, এখন নেটাও নেই। এর সঙ্গে স্টাকের বেতন, জাল, বরফ, খাবারসহ সবকিছুর দাম বেড়েছে। এভাবে খরচ বাড়তে থাকলে মাছ কম পাওয়ার মৌসুমে ট্রলার চালানো আমাদের জন্য কঠিন হয়ে পড়বে।’ কুয়াকাটা বাড়িবন এলাকার জেলে নুরুল হক। আলাপকালে তিনি বলেন, ‘প্রতিবছর সাগরে মাছ ধরতে নামার আগে একটি ট্রলারে দুই থেকে তিন লাখ টাকার জাল, দড়ি, বরফসহ বিভিন্ন সরঞ্জাম কিনতে হয়। এর সঙ্গে দিন দিন জ্বালানি তেলের দামও বাড়ছে। মাছের দাম বা আয় সেই অনুপাতে বাড়ছে না। এখন আমাদের চিন্তা, ট্রলারের জন্য তেল কিনবো, নাকি সেই টাকা দিয়ে মৎস্য চালাবো? এভাবে খরচ বাড়তে থাকলে সংসার চালাবো কীভাবে?’

ট্রলারের ইঞ্জিন বিকল

বিষয়টি জানিয়ে সহযাত্রী চান। এরপর জাতীয় জরুরি সেবা নম্বর ৯৯৯-এ যোগাযোগ করা হয়। তবে ঘটনাস্থলে পৌঁছানোর মতো উপযুক্ত নৌযান, জনবল ও উদ্ধার সরঞ্জাম না থাকায় তৎক্ষণিকভাবে উদ্ধার অভিযান চালানো সম্ভব হয়নি বলে পরিবারের সদস্যদের দাবি। বৈরী আবহাওয়ায় সাগর উত্তাল থাকায় আশপাশে থাকা মাছ ধরার ট্রলারগুলো ঝুঁকি নিয়ে বিপন্নগ্রস্ত জেলেরদের কাছে যেতে পারছে না। বিষয়টি রাসাবালী উপজেলা প্রশাসন, কমেস্টার্গার ও নৌপুলিশকে জানানো হলেও উপযুক্ত নৌযান ও প্রয়োজনীয় উদ্ধার সরঞ্জামের সংকটে এখনো সরাসরি উদ্ধার অভিযান শুরু করা সম্ভব হয়নি বলে সংশ্লিষ্টরা জানিয়েছেন। ট্রলারের ইঞ্জিন ও মাঝি হানিফ মিয়ার ছেলে মোহেদীন বলেন, মঙ্গলবার রাতে বাবার সঙ্গে শেষ মোবাইলে কথা হয়েছে, সাগর এখানে উত্তাল। আশপাশে থাকা কয়েকটি মাছ ধরার ট্রলারে হাডের ইশারা দিয়ে সাহায্য চাওয়া হলেও উত্তাল ডেউয়ের কারণে কেউ এগিয়ে আসেনি। রাসাবালী কোস্টগার্ডের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা উল্লেখ্য হোসেন বলেন, বিপদগ্রস্ত জেলেরদের অবস্থান সেনারচর-সংলগ্ন মোহনা থেকে ৮০ থেকে ১০০ কিলোমিটার দূরে। ঘটনাস্থলে যাওয়ার মতো উপযুক্ত নৌযান, জনবল ও উদ্ধার সরঞ্জাম আমাদের কাছে নেই। সেখানে যেতে ৬ থেকে ৮ ঘণ্টা সময় লাগতে পারে। এ ছাড়া সেখানে গিয়ে উদ্ধার অভিযান চালানোর সঙ্গে উদ্ধারকারীদের নিরাপত্তার বিষয়টিও জড়িত। আমাদের টহল দল রাসাবালী উপজেলা-সংলগ্ন নদী এলাকায় আছে। রাসাবালী নৌপুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (হিচার্জ) জয়েদুর রহমান বলেন, বিষয়টি আমরা জেনেছি। সাগরে থাকা অন্য জেলেরদের মাধ্যমে আটকে পড়া বাঁকদের উদ্ধারের চেষ্টা চলমান রয়েছে। রাসাবালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএও) নাজমুল হাসান বলেন, এ বিষয়ে ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট ব্যক্তিদের তাগিদ দেওয়া হয়েছে। পাঁচ দিন ধরে সাগরে আটকে থাকা ১৮ জনকে দ্রুত উদ্ধারের জন্য পরিবারের সদস্যরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে কার্যকর উদ্যোগ নেওয়ার দাবি জানিয়েছেন।

বঙ্গোপসাগরে ১৩ জেলে

জান্নাত-জুনায়েদ নামের ট্রলারটি শনিবার (১৯ সেপ্টেম্বর) রাতে পটুয়াখালীর মহিপুর মৎস্য অবতরণ কেন্দ্র থেকে ১৩ জেলেকে নিয়ে বঙ্গোপসাগরে মাছ শিকারে যায়। সোমবার সাগরের আবহাওয়া খারাপ হয়ে উত্তাল হয়ে উঠলে জেলেরা মাছ শিকার শেষে উপকূলে ফেরা উদ্দেশ্যে রওয়ানা দেন। মঙ্গলবার সকাল ৮টার দিকে কুয়াকাটা সমুদ্রসৈকত এলাকা থেকে প্রায় ২৫ কিলোমিটার দূরে বঙ্গোপসাগরে পৌঁছালে প্রাচণ্ড ঢেউয়ের তোড়ে ট্রলারটি ডুবে যায়। দুর্ঘটনার পর সাগরে ভাসতে থাকা ১১ জেলেকে অন্য একটি মাছ ধরার ট্রলারের জেলেরা দেখতে পেয়ে জীবিত উদ্ধার করেন। পরে উদ্ধার হওয়া জেলেরা গুই ট্রলারে করে নিরাপদে উপকূলে ফেরেন। উদ্ধার হওয়া জেলেরদের মধ্যে তালতলী উপজেলার হুয়জন, পটুয়াখালীর কলাপাড়া উপজেলার চারজন এবং খুলনা জেলার একজন রয়েছেন। এ বিষয়ে তালতলীর ইউএনও অতীশ সরকার বলেন, ‘দুর্ঘ্যোগপূর্ণ আবহাওয়ার কারণে উপকূলে ফেরার পথে এই ঘটনা ঘটে বলে প্রাথমিকভাবে জানা গেছে। নিখোঁজ দুই জেলেকে উদ্ধারে অভিযান অব্যাহত রয়েছে। উদ্ধার হওয়া জেলেরদেরও যৌক্তিকবর রাখা হচ্ছে। তবে সাগর উত্তাল থাকায় উদ্ধার অভিযান বিচ্ছুটা ব্যাহত হচ্ছে।’

কুয়াকাটায় ম্যাজিস্ট্রেট পরিচয়ে

বিকারের দোকানে গিয়ে ৩০ হাজার টাকা ‘চার্জ’ নেন বলেও অভিযোগ রয়েছে। এ ছাড়া বিয়ের ক্ষেত্রেও তিনি নিজেকে নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে পরিচয় দিয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। তার দুইটি বিয়ে রয়েছে বলে জানা গেছে। অভিযোগ রয়েছে, প্রথম স্ত্রীর কাছ থেকে তিনি প্রায় ১০ লাখ টাকা নিয়েছেন। স্ত্রী জানায়, নিজের ডুয়া পরিচয়কে বিশ্বাসভ্রম্য করে তুলতে ৪৪তম বিসিএসের গজেটে ১৩২ নম্বর ক্রমিকে থাকা ‘মো. রাসেল মিয়া’র নাম পরিবর্তন করে ‘মো. রাসেল হাওলাদার’ করা হয়। এ জন্য এআই প্রযুক্তি ব্যবহার করা হয়েছে বলে প্রত্যাক রাসেল জানিয়েছেন। একই সঙ্গে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়োগপত্রও জালিয়াতির অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। বিষয়টি প্রশাসনের নজরে এলে মহিপুর থানার এসআই মোঃ মাসুদ খানের সহযোগিতায় অভিযান চালিয়ে রাসেল হাওলাদারকে আটক করা হয়। এ সময় তার ব্যবহৃত কাগজপত্র ও নথিপত্র যাচাই করা হয়। পরে দণ্ডবিধি, ১৮৬০-এর ১৭০ ধারায় তাকে এক বছরের নিষন্ত্রম কারাদন্ দেওয়া হয়। কলাপাড়া উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট ইয়াসিন সাদেক বলেন, নিজেকে

নির্বাহী ম্যাজিস্ট্রেট পরিচয় দিয়ে প্রতারণা করা গুরুতর অপরাধ। বিষয়টি যাচাই-বাছাই করে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়েছে। সরকারি কর্মকর্তা পরিচয়ে কেউ যাতে সাধারণ মানুষকে প্রতারণিত করতে না পারে, সে বিষয়ে প্রশাসনের নজরদারি অব্যাহত থাকবে।

হাসপাতালের শিশু ওয়ার্ডে পাঁচ গুণ

জন্য হাসপাতালের শিশু ওয়ার্ডে বেড রয়েছে ৬০টি। চলতি সেপ্টেম্বরের ১৫ তারিখ পর্যন্ত নিউমোনিয়া ও ঠাণ্ডাজনিত রোগে আক্রান্ত প্রায় দেড় হাজার শিশু ভর্তি হয়ে চিকিৎসা নিয়েছে। বর্তমানে প্রতিদিন গড়ে ২০০ থেকে ৩০০ শিশু হাসপাতালের শিশু ওয়ার্ড, মেঝে ও স্ক্যানুতে ভর্তি থাকছে। রোগীর অতিরিক্ত চাপের কারণে প্রায় এক মাস ধরে বেড সংকটও তীব্র হয়েছে। কোনো কোনো বেডে তিন থেকে চারজন শিশুকে রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। সরেজমিনে দেখা গেছে, শিশু ওয়ার্ডের পাশাপাশি স্ক্যানুর সামনে, ওয়ার্ডের প্রবেশপথ এবং বেডের আশপাশের মেঝেতেও শিশুদের রেখে চিকিৎসা দেওয়া হচ্ছে। কোথাও হান্দার পেতে, আবার কোথাও মেঝেতে বসিয়েই সন্তানকে চিকিৎসা করাচ্ছেন স্বজনরা। দৌলতখান উপজেলার চর খলিফা ইউনিয়নের দিদারুন্নাছ গ্রাম থেকে আসা মিতু বেগম বলেন, ‘হাসপাতালে এসে বেড পাইনি। তাই বেডের পাশে চান্দর পেতে সন্তানকে রেখে চিকিৎসা করাছি। অনেক কষ্ট হচ্ছে, তারপরও বাধ্য হয়ে থাকতে হচ্ছে।’ ভোলা সদরের আলীনার থেকে আসা রিপা বেগম বলেন, ‘কোনো বেড না পেয়ে শিশু ওয়ার্ডের সামনে মেঝেতে সন্তানকে রেখে চিকিৎসা করাছি। মানুষ ভ্রাচল করে, চারপাশে ময়লা থাকে, ঠিকমতো পরিষ্কারও করা হয় না। তারপরও চিকিৎসার জন্য এখানে থাকতে হচ্ছে।’ বিভাজপন রোগীর চাপের পাশাপাশি হাসপাতালে দেখা দিয়েছে গুণ্ডু ও চিকিৎসােসামগ্রীর সংকট। চিকিৎসকের ব্যবস্থাপনা অনুযায়ী গুণ্ডু, স্যালাইন, ইনজেকশন, ক্যানোলা, সিরিঙ্গসহ বিভিন্ন সামগ্রী প্রয়োজন হলেও এর বেশিরভাগই বাইরে থেকে কিনে আনতে হচ্ছে বলে অভিযোগ স্বজনদের। চার দিন ধরে সন্তানকে হাসপাতালে চিকিৎসা করাচ্ছেন মো. রাসেদ। তিনি বলেন, ‘আমার সন্তানের নিউমোনিয়া হওয়ায় চার দিন আগে হাসপাতালে ভর্তি করিয়েছি। ডাক্তার দেখার পর গুণ্ডু ও স্যালাইন লিখে দেন। বেডে যাওয়ার পর নার্সরা জানান, হাসপাতালে এসব নেই, বাইরে থেকে কিনে আনতে হবে। ক্যানোলা ও ক্যানোলা লাগানোর টেপও কিনে আনতে হয়েছে।’ তিনি বলেন, ‘চার দিন ধরে সবকিছু বাইরে থেকে কিনে আনতে হয়েছে। গুণ্ডু নেবুলাইজেশন মেশিনে গ্যাস ও গ্যাস দেওয়ার গুণ্ডু দুই দিন হাসপাতাল থেকে বিনা মূল্যে পেয়েছি। তবে সিরিঞ্জও বাইরে থেকে কিনতে হয়েছে।’ ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. তৈয়বুর রহমান বলেন, ‘প্রতিদিন ধারণক্ষমতার চেয়ে অনেক বেশি রোগী হাসপাতালে ভর্তি হচ্ছেন। গড়ে প্রায় ৩০০ শিশু রোগী হাসপাতালে ভর্তি থাকছে। রোগী বেশি হওয়ায় গুণ্ডু, স্যালাইন, ইনজেকশন, ক্যানোলাসহ বিভিন্ন চিকিৎসােসামগ্রীর সংকট রয়েছে। বেড সংকটের বিষয়ে ডা. তৈয়বুর রহমান বলেন, ‘আমাদের বেড রয়েছে মাত্র ৬০টি।’ কিন্তু রোগী ভর্তি থাকছে প্রায় ৩০০। এ কারণে বেড সংকট তীব্র। মেঝেতে বসেই শিশু রোগীদের কষ্ট করে চিকিৎসা নিতে হচ্ছে।’ তিনি আরও জানান, রোগীদের ভোগান্তি কমাতে দ্রুত ফ্যানের সংখ্যা বাড়ানোর উদ্যোগ নেওয়া হচ্ছে।

আড়িয়াল খাঁর ভিন্ন ভাঙনে বসতভিটা

উপক্রম দেখা দিয়েছে। নদীভাঙন রোধে কার্যকরী কোনো ব্যবস্থা না নেওয়ার স্থানীয়দের মধ্যে চরম ক্ষেত্রেও সৃষ্টি হয়েছে। মিয়াচর এলাকার বাসিন্দা বদরুল আলম বলেন, ‘মিয়ারচর লঞ্চ যাত্রী এলাকায় আড়িয়াল খাঁর ভাঙনে দুবার বসতভিটে হারিয়ে অনোর জমিতে ঘর উত্তোলন করে বসবাস করতাম। সেই বসতভিটেও কয়েক দিন আগে নদী গ্রাস করে নিয়েছে। এখন স্ত্রী-সন্তান নিয়ে আমি চলেছি। মাথা পোজার ঠাঁই হারিয়ে বর্তমানে অন্যের জমিতে পলিথিনের ছাটনি দিয়ে বসবাস করে আসছি।’ মিয়াচরচরের গ্রামীণ বাসিন্দা আলি বেগমী (৭৫) বলেন, ‘আড়িয়াল খাঁর ভাঙনে শত পরিবার তাদের বসতভিটে ও জমি হারিয়ে নিঃশ্ব হয়েছ। বিশেষ করে মিয়াচরর লঞ্চযাত্রী পর্যাটে গড় কয়েক বছর ধরে ভাঙন দেখা দিয়েছে। যত সরকার এনেছে সবাই ভাঙন রোধ করার বলেছে। কিন্তু নদীভাঙন রোধে কেউ এগিয়ে আসেনি। নদীভাঙনরোধে কার্যকরী ব্যবস্থা নেওয়ার জন্য সরকারের কাছে তিনি জোর দাবি জানিয়েছেন।’ শিক্ষক জাকির হোসেন বলেন, ‘শৌনন্দী-ধামুরা খালে ত্রি হ্রোতের কারণে তীরবর্তী দক্ষিণ বিষ্ণ্ময় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের রাস্তা এরই মধ্যে খালের মধ্যে ধসে পড়েছে। স্থলে যাতায়াতের একমাত্র ব্রিজ ধসে পড়ার শোকা দেখা দিয়েছে। ভাঙনরোধে অতিক্রম ব্যবস্থা না নিয়ে স্থলে যাতায়াতের একমাত্র পথ বন্ধ হয়ে যাবে।’ বোরালী গরলস ও মোয়ারখাল এলাকার নদী তীরবর্তী এলাকার বাসিন্দারা জানিয়েছেন, পালালদী নদীর ভাঙনে এরই মধ্যে অনেক পরিবার আত্ম গিয়ে বসবাস শুরু করেছে। নতুন করে নদী তীরবর্তী রাস্তা ভাঙনের মুখে পড়েছে। ভাঙন রোধে দ্রুত ব্যবস্থা নেওয়ার জন্য সরকারের প্রতি জোর দাবি জানান তারা। এ বিষয়ে বরিশাল পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী মো. জায়েদ ইকবাল বলেন, ‘মিয়ারচর নদী ভাঙনরোধে একশ মিটার এলাকায় জিও ব্যাগ ডাম্পিং করার জন্য ইতোমধ্যে নির্দর্শনা পেয়েছি। এক সপ্তাহের মধ্যে সেখানে কাজ শুরু করা হবে।’ তিনি বলেন, ‘বিষ্ণ্ময় এলাকায় একটি কাজ চলমান রয়েছে। অপর অংশ পরিদর্শন করা হয়েছে। পর্যায়ক্রমে সব স্থানের ভাঙনরোধে ব্যবস্থা নেওয়া হবে।’

এলাকার দৃশ্যমান উন্নয়নের জন্য

পরিকল্পনা গ্রহন করার উদ্যোগ জোর দেন তিনি। পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলা প্রশাসনের আয়োজনে গতকাল বুধবার বিকালে উপজেলা পরিষদ অডিটরিয়ামে আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন হুয়জন ও গণপূত্র প্রতিমন্ত্রী আহমেদ মেহেলে মানজুর (মুনন)এমপি এসব কথা বলেন। তিনি আরো বলেন, উপজেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, মোটরসাইকেল চলাচলে হেলমেট ও বৈধ কাগজপত্র নিশ্চিত করা, অপরাধ নিয়ন্ত্রণে সিসিটিভি ক্যামেরা জোরদার করা, কোচিং ও শিক্ষা ব্যবস্থার সার্বিক তদারকি এবং মাদকমুক্ত সমাজ গঠনে কঠোর ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশ ও প্রশাসনকে অধিকতর আন্তরিক হওয়ার কথা বলেন। প্রতিমন্ত্রী আরো বলেন,বিপত ফ্যাসিবাদী শাসনামলে কিছু অসাধু সরকারি কর্মকর্তা-কর্মচারীর যোগসাজশে পিরোজপুরে ব্যাপক অনিয়ম ও দুর্নীতি সংঘটিত হয়েছে। এসব অনিয়ম ও দুর্নীতির ধারা থেকে বেরিয়ে এসে সরকারি কর্মসে যত্নচতা, সততা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। এ জন্য সংশ্লিষ্ট সবাইকে দায়িত্বশীলতার সঙ্গে কাজ করতে হবে। তিনি আরও বলেন, স্বচ্ছতা ও নিষ্ঠার সাথে কাজ করলে সমাজে কোনো দুর্নীতি স্থান পাবে না। আদারদ্বারা সবাই দায়িত্বশীল ও সং হলে কোনো অসাধু চক্র দুর্নীতি সংঘটিত সাহস পাবে না। সমাজ ও প্রশাসনিক ব্যবস্থার টেকসই উন্নয়ন নিশ্চিত করতে সবাইকে একত্রে কাজ করতে হবে। ভাণ্ডারিয়া এলাকাকে একটি মডেল উপজেলায় রূপান্তরের প্রত্যয় ব্যক্ত করে বলেন, আমাদের লক্ষ্য একটাই দৃশ্যমান উন্নয়ন এবং স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে জনগণের দোরগোড়ায় সরকারি সেবা পৌঁছে দেওয়া। এ কাজ সাংবাদিক, পুলিশ ও প্রশাসনিক কর্মকর্তাসহ সকল দায়িত্বশীল নাগরিকের সহযোগিতা কাম্য। এসময় তিনি সাংবাদিকদের উদ্দেশ্যে উম্মা প্রকাশ করে বলেন, ফ্যাসিবাদের আমলের দুর্নীতি ও লুটপাটের বিষয় এবং আমাদের (বর্তমান) সরকারের ১৮০দিনের উন্নয়নের সংবাদও প্রকাশ করা উচিত। পরে তিনি বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ক্রীড়া সামগ্রী বিতরণ এবং দুর্ঘ্যোগ ও

আ্রমন্ত্রনালয়ের উদ্যোগে দরিদ্র অসহায় পরিবারের মাঝে চেউটিন এবং নদগ্ন অর্থের চেক বিতরণ করেন। সভা শেষে ভাণ্ডারিয়া উপজেলা বিএনপির আয়োজনে দেশব্যাপী পরিকল্পিত সভাসের মাধ্যমে অস্থিরতা সৃষ্টির অপচেষ্টার প্রতিবাদে প্রতিমন্ত্রী আহমেদ সোহেলে মঞ্জুরের নেতৃত্বে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি উপজেলা পরিষদ এলাকা থেকে শুরু হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। আইন-শৃঙ্খলা সভায় সভাপতিত্ব করেন উপজেলা ও পৌর প্রশাসক উপজেলা নির্বাহী (ইউএনও) কর্মকর্তা মো. হাসিবুল হাসান। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন,উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদার,অফিসার ইনচার্জ দেওয়ান জগলুল হাসান,উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ ইব্রাহীম মোস্তাা প্রমুখ। আলোচনা সভার শুরুতে উপজেলার সকল দপ্তরের প্রধানগণ তাদের স্ব স্ব দপ্তরের সমস্যা এবং সম্ভাবনা বাস্তবায়নে প্রজ্ঞোনীয় পদক্ষেপ সম্পর্কে বক্তব্য রাখেন।

দেশে সবজিতে মাত্রার চেয়ে

রাসায়নিক কীটনাশক প্রতিরোধী হয়ে যাচ্ছে। এ জন্য রাসায়নিক কীটনাশক বেশি লাগছে। আবার অতিরিক্ত কীটনাশক ব্যবহারের কারণে উপকারী পোকামাকড় মারা যাওয়ায় ক্ষতিকর পোকামাকড়ের প্রাদুর্ভাব বাড়ছে। কীটতত্ত্ববিদ নির্মল কুমার দত্ত জানান, দেশে ২০১৬ সাল পর্যন্ত নতুন করে ২৫টির বেশি ক্ষতিকর পোকার আগমন ঘটেছে। পরিস্থিতি থেকে উত্তরণে রাসায়নিক কীটনাশকের বদলে জৈব বালাইনাশক ব্যবহারের ওপর জোর দেওয়ার কথা বলেন তিনি। ড. নির্মল কুমার দত্ত আরও জানান, দেশে প্রায় আট হাজার কীটনাশক অনুমোদিত। যাচাই করে এর মধ্যে ৪৭ শতাংশ কীটনাশক শতভাগ বিস্কৃত পাওয়া গেছে বলে জানান তিনি। সিটি ইউনিভার্সিটির ডিন অধ্যাপক ড. খন্দকার শরিফুল ইসলাম বলেন, পোকামাকড় মারতে বালাইনাশক ব্যবহার করা হচ্ছে। তবে নকল বালাইনাশকের কারণে পোকামাকড় না মরে উঠেটা তাদের বংশবৃদ্ধি হচ্ছে। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কীটতত্ত্ব বিভাগের অধ্যাপক ড. মাহবুব জানান বলেন, জৈব বালাইনাশক মূলত প্রকৃতিতেই রয়েছে। এ জন্য উপকারী পোকামাকড়কে বাঁচিয়ে রাখতে হবে। কর্মশালায় আলোচনায় অংশ নেন বিএআরসির পরিচালক ড. মো. মাহফুজ আলম ও প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা আল মোবাহছেহ হোসেন। উপস্থিত ছিলেন ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক মাইনুল হাসান সোহেল, বাংলাদেশ আর্থিককালচার রিপোর্টার্স ফোরামের সভাপতি মো. নিজামুল হক ও সাধারণ সম্পাদক কাওসার আজম, প্রশিক্ষণ সম্পাদক সাইফুল মাসুমসহ কৃষি বিটের সাংবাদিকেরা।

তিন বিতর্কিত আইনে সংকুচিত

সংস্থা হিউম্যান রাইটস ওয়ার (এইচআরডব্লিউ)। বুধবার (২৩ সেপ্টেম্বর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য প্রকাশ করে সংস্থাটি। তাদের মতে, এই পদক্ষেপগুলো বিগত সরকারগুলোর মতো গুম ও বিচারবিহীনত্ব হত্যাকাণ্ডের মতো মারাত্মক মানবাধিকার লঙ্ঘনের ঝুঁকি আবার বাড়িয়ে দিয়েছে। এইচআরডব্লিউ জানায়, অন্তর্বর্তী সরকার জাতীয় মানবাধিকার কমিশনকে (এনএইচআরসি) স্বাধীনভাবে গুমসহ বিভিন্ন অপরাধের তদন্ত ও জবাবদিহির ক্ষমতা দিয়ে যে অধ্যাদেশগুলো জারি করেছিল, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন নতুন বিএনপি সরকার আইন পাসের মাধ্যমে তা বাতিল ও দুর্বল করেছে। একই সাথে, ব্যাপক মানবাধিকার লঙ্ঘনের দায়ে অভিযুক্ত গ’টিপিড আ্যকশন ব্যাটালিয়নকে (গ’রা’বা) বিলুপ্ত করার যে প্রতিক্রি়ত দলটির ছিল, তা বাস্তবায়নের সূচি দেয়। ‘বিশেষ রেসপন্স ব্যাটালিয়ন’ (এসআরবি) নামে নতুন রূপ দেওয়া হয়েছে। লোগো ছাড়া বাহিনীর কাঠামো, সদস্য ও মূল কাজ আগের মতোই রাখা হয়েছে, যা সংস্কারের পরিবর্তে কেবল নাম পরিবর্তনের নামান্তর। এইচআরডাব্লিউ-এর এশিয়া বিষয়ক পরিচালক ইমামতুল্লাহ পিয়ারসন বলেন, ‘অতীতের নির্মম নিপীড়নের পুনরাবৃত্তি কেবলে বাংলাদেশে সত্যিকার নিরাপত্তা খাত সংস্কার ও একটি স্বাধীন মানবাধিকার সংস্থা প্রয়োজন। কিন্তু নতুন সরকার যেভাবে আইনশৃঙ্খলা বাহিনীকে জবাবদিহি থেকে সুরক্ষার চেষ্টা করছে, তাতে ইত্যা ও গুম স্থায়ীভাবে বন্ধ হবে-এমন বিশ্বাস করা হয়।’ সংস্থাটি জানায়, নতুন পাস হওয়া ‘জাতীয় মানবাধিকার কমিশন আইন’-এ বাহিনীর বিরুদ্ধে সরাসরি স্বাধীন তদন্তের ক্ষমতা কমিশনকে দেওয়া হয়নি এবং কমিশনের স্বাধীনতা অনেকাংশে খর্ব করা হয়েছে। পাশাপাশি ‘গুম প্রতিরোধ ও প্রতিকার আইন’-এ কমান্ড রেসপন্সিবিলিটির আন্তর্জাতিক মানদণ্ড শিথিল করে কমান্ডারদের জবাবদিহি থেকে বেরাই পাওয়ার সুযোগ রাখা হয়েছে। এছাড়াও সংস্থাটি জানায়, জরুরি ভিত্তিতে বাংলাদেশের আন্তর্জাতিক অংশীদারদের বর্তমান সরকারের ওপর চাপ দেওয়া উচিত। তারা যেন নিশ্চিত করে, নতুন আইনের আওতায় এসআরবির কার্যক্রম পরিচালনার জন্য যে বিখিলাল এখনো তৈরি হয়নি, তাতে কঠোর মানবাধিকার যাচাইয়ের ব্যবস্থা থাকে। মানবাধিকার রক্ষা এবং অতীতের মানবাধিকার লঙ্ঘনের জন্য জবাবদিহি নিশ্চিত করার পর্থাৎ ব্যবস্থা কার্যকর না হওয়া পর্যন্ত এ নিষেধাজ্ঞা বহাল রাখা উচিত বলে মনে করে এইচআরডব্লিউ। ইউরোপীয় ইউনিয়ন, যুক্তরাজ্যসহ বাংলাদেশের আন্তর্জাতিক অংশীদারদেরও দেশটির নতুন সরকারের মানবাধিকার পরিস্থিতি ও নীতিমালা নিয়ে জোরদার উদ্যোগ গ্রহণা প্রকাশ করা উচিত বলে জানিয়েছে এইচআরডব্লিউ।

ভারত থেকে ইলিশ আমদানি বন্ধ

স্বাক্ষরিত এক চিঠিতে মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) ১০৩টি অনাপত্তি সনদ বাতিলের বিষয়ে জানানো হয়। এবিষয়ে বেনাপোলা বন্দরের আমদানি-রপ্তানিকারক সমিতির সহ সভাপতি আমিনুল হক বলেন, ‘বাংলাদেশে মৎস্য অধিদপ্তরের একটি চিঠি আমাদের কাছে এসেছে। সেখানে অনেকগুলো অনাপত্তি সনদ বাতিল করা হয়েছে। এ সিদ্ধান্তে ইলিশ আমদানি বন্ধ রয়েছে।’ এই আমদানিকারকরা ‘বিপাকে পড়েছেন।’ ইলিশ আমদানিকারক সৈয়দ মহিদুল হক রুবাই বলেন, ‘হঠাৎ করে আমদানি বন্ধ করার আমরা বড় ধরনের ক্ষতির মুখে পড়েছি। আমদানির উদ্দেশ্য ওপারে তাদের ক্রয় কৃত ইলিশ রাখা হয়েছিল। এখন কম দামে তা মেরত দিতে হবে। এ ছাড়া আমদানি খরচের লোকশান তো রয়েছে।’

চুরি করে পালানোর সময় চোরাই

স্থানীয়দের বরাত দিয়ে জানান, মঙ্গলবার রাতত আগরপুর গ্রামের টিটুর চায়ের দোকান এবং ব্রাহ্মণদিয়া গ্রামের হানিফ হাওলাদার, আরিফ আকন ও আসাদুল ইসলামসহ কয়েকজনের বাড়িতে চুরির ঘটনা ঘটে। বুধবার ভোরে টিটুর চায়ের দোকানে চুরির ঘটনায় ধারণ করা সিসিটিভি ফুটেজ দেখে দুই চোরকে শনাক্ত করা হয়। পরে স্থানীয়রা এলাকায় তল্লাশি চালিয়ে এক নারী ও এক পুরুষকে আটক করেন। আগরপুর গ্রামের বাসিন্দা মো. মিলন জানান, জটিলের কাছ থেকে টিটুর দোকান থেকে চুরি হওয়া একটি ডলার ও নগদ টাকা এবং রুমার কাছ থেকে পাঁচটি চোরাই মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে। পরে স্থানীয়রা তাদের মারধর করে আগরপুর পুলিশ তদন্ত কেন্দ্রে সোপর্দ করেন। পুলিশ তাদের বাবুগঞ্জ থানায় হস্তান্তর করেছে। পুলিশ জানিয়েছে, এ ঘটনায় মামলা দায়েরের প্রক্টিত চলছে।

৩২ লাখ টাকার সড়কে কার্পেটিং

(এলজিইড) আওতায় ২০২৫-২৬ অর্থবছরের গ্রামীণ সড়ক পুনরায়ন (ভিআরআর) প্রকল্পের অধীনে সড়কটি নির্মাণ করা হয়। এতে ব্যয় ধরা হয় ৩১ লাখ ৯২ হাজার ১৯২ টাকা। এলজিইড সূত্রে জানা গেছে, মধ্য মদনপুরা বাজারের উত্তর

পাশে প্রধান সড়কের কবরস্থান থেকে সাবেক ইউপি চেয়ারম্যান গোলাম মোস্তফার বাড়ির কাছে একটি ব্রিজ পর্যন্ত সড়কটির দৈর্ঘ্য ৭৭০ মিটার এবং প্রস্থ ২ দশমিক ৪৪ মিটার। চলতি বছরের ১৫ মার্চ সড়কটির নির্মাণকাজের কার্যাদেশ দেওয়া হয়। কাজ শেষ হয় ১৩ জুলাই। সড়কটির নির্মাণকাজ করে পটুয়াখালীর ‘কুয়াকাটা এটারপ্রাইজ’ নামের একটি ঠিকাদারি প্রতিষ্ঠান। তবে নির্মাণের কয়েক মাসের মধ্যেই সড়কের বিভিন্ন অংশে ক্রটি দেখা দেওয়ায় কাজের মান নিয়ে প্রশ্ন উঠেছে। এ নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমেও সড়কের কার্পেটিং ওঠানোর একটি ভিডিও ছড়িয়ে পড়ে। অভিযোগের বিষয়ে ঠিকাদারি প্রতিষ্ঠান কুয়াকাটা এটারপ্রাইজের স্বত্বাধিকারী সাইদুর রহমান বলেন, ‘কার্পেটিং সড়কের নির্মাণকাজে কোনো অনিয়ম হয়নি। বিরামহীন বর্ষবের কারণে হয়তো দু-এক জায়গায় সামান্য ক্রটি হতে পারে।’ সড়কটির তদারকি কর্মকর্তা (এসও) ফয়সাল ফরাজী এবশ্য নির্মাণকাজে অনিয়মের অভিযোগ নাকচ করেছেন। তিনি বলেন, ‘যে ফেসবুক পেজে সড়কের কার্পেটিং তোলার ভিডিও আপলোড করা হয়েছে, সেটি ভিউ বাড়ানোর জন্য করা হয়েছে। ভিডিওতে হাত দিয়ে কার্পেটিং তোলার সময় সড়কটির নির্মাণকাজ শেষ হয়েছিল। একটি কার্পেটিং সড়ক নির্মাণের পর একটি মডভিও হতে অন্তত ৭২ ঘণ্টা সময় লাগে।’ তিনি আরও বলেন, ‘ভিডিওটি প্রচারের পর আমি সড়কটি পরিদর্শন করেছি। কোথাও কোনো অনিয়ম চোখে পড়েনি। এরপরও বর্ষার কারণে সড়কের কোনো অংশ ক্ষতিগ্রস্ত হয়ে থাকলে তা মেহমাত করে দেওয়া হবে।’ এ বিষয়ে বাউফল উপজেলা প্রকৌশলী কাজী এমামুল হক আলিম (অতিরিক্ত দায়িত্ব) বলেন, ‘আমি নতুন এসেছি। বিষয়টি আমরা জানা নেই। তবে যৌক্তিকবর নিয়ে দেখা হবে। কোথাও অনিয়ম পরিলক্ষিত হলে ব্যবস্থা নেওয়া হবে।’

৬৬ বছরেও ইটের

বলে জানান অভিভাবকেরা। স্থানীয় বাসিন্দা রাকিবুল ইসলাম বলেন, গাজীর বাজার থেকে বাংলা বাজার পর্যন্ত মাত্র তিন কিলোমিটার সড়ক পাকা কিংবা ইটের সলিৎ করা হলে পুরো এলাকার যোগাযোগব্যবস্থা বদলে যাবে। পাশের ইউনিয়ন ও উপজেলা সদরের সঙ্গে মানুষের যাতায়াতও সহজ হবে। মোটরসাইকেলচালক সৌরভ বলেন, সড়কটি ভালো না থাকায় কৃষিপণ্য বাজারে নিতে বাড়তি সময় ও অর্থ ব্যয় হয়। পাকা সড়ক হলে কৃষকের উৎপাদিত পণ্য দ্রুত বাজারজাত করা সম্ভব হবে। সড়কের নির্মাণকাজে কোনো অনিয়ম হয়নি। বিরামহীন বর্ষবের কারণে হয়তো দু-এক জায়গায় সামান্য ক্রটি হতে পারে।’ সড়কটির তদারকি কর্মকর্তা (এসও) ফয়সাল ফরাজী এবশ্যে সড়কে এত কাদা হয় যে ছেলেমেয়েদের বিদ্যালয়ে পাঠানোই কঠিন হয়ে পড়ে। মরিয়ম বেগম বলেন, গর্ভবতী নারী কিংবা অসুস্থ রোগী নিয়ে বর্ষাকালে এ পথ পাড়ি দেওয়া খুবই কষ্টকর। জরুরি প্রয়োজনে রোগী নিয়ে উপজেলা সদরে যেতে অনেক সময় বিপাকে পড়তে হয়। মিঠাপাঞ্জা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আসাদুল্লাহ বলেন, বিদ্যালয়ে আসা-যাওয়ার জন্য এটি এলাকার প্রধান সড়ক। শিক্ষক-শিক্ষার্থী ছাড়াও ব্যবসায়ী, চাকরিজীবী ও কৃষকরা নিয়মিত এ পথ ব্যবহার করেন। সড়কটি পাকা হলে বর্ষায় শিক্ষার্থীদের উপস্থিতি বাড়বে এবং এলাকার অর্থনৈতিক কর্মকাণ্ডও আরও গতিশীল হবে। এ বিষয়ে কলাপাড়া উপজেলা এলজিইডির প্রকৌশলী মো. মনিরুজ্জামান বলেন, এটি একটি ইউনিয়ন সড়ক, যার দৈর্ঘ্য প্রায় ১৩ কিলোমিটার। পানি উন্নয়ন বোর্ডের নকশা অনুযায়ী সড়কের উচ্চতা, প্রস্থসহ প্রয়োজনীয় বিষয়গুলো ঠিক থাকলে পাকা করার উদ্যোগ নেওয়া যাবে। সবকিছু ঠিক থাকলে এ বিষয়ে প্রস্তাবনা পাঠানো হবে।

চরফ্যাশনে নকলে বাধা দেয়ায়

কেন্দ্রে ডিগ্রি পরীক্ষা চলাকালে কয়েকজন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বন করে নকলের চেষ্টা করেন। এ সময় কক্ষে দায়িত্বে থাকা পরিদর্শক ও নিরাপত্তার দায়িত্বে থাকা পুলিশ সদস্যরা তাদের বাধা দেন এবং নকলের খাতা জব্দ করেন। পরীক্ষা শেষে এ ঘটনায় ক্ষুব্ধ কয়েকজন পরীক্ষার্থী ও তাদের সহযোগী বহিরাগত যুবকরা লাঠিসোঁটা নিয়ে কক্ষেবের বাইরে অবস্থান নেন। পরে দায়িত্ব পালন শেষে পুলিশ সদস্যরা কেন্দ্র থেকে বের হলে তাদের লক্ষ্য করে ইউপাটকেল নিক্ষেপ ও হামলা চালানো হয়। এতে দায়িত্বে থাকা এক পুলিশ সদস্য আহত হন। খবর পেয়ে অতিরিক্ত পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। আহত পুলিশ সদস্যকে উদ্ধার করে চরফ্যাশন উপজেলা হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়। দুলারহাট থানা পুলিশ জানায়, সরকারি কর্মচারীদের ওপর হামলা ও আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতির অভিযোগে পুলিশের পক্ষ থেকে বাদী হয়ে মামলাটি করা হয়েছে। মামলায় এজাহারনামায় ও অজ্ঞাতনামা মিলিয়ে মোট ২০ জনকে আসামি করা হয়েছে। এরই মধ্যে দুজনকে গ্রেফতার করা হয়েছে। অন্যদের গ্রেপ্তারে অভিযান চলছে। দুলারহাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইয়াছিন আলম চৌধুরী বলেন, পরীক্ষায় নকল করতে বাধা দেওয়াকে কেন্দ্র করে পরিকল্পিতভাবে পুলিশের ওপর হামলা চালানো হয়েছে। ঘটনায় জড়িতদের গ্রেপ্তারে পুলিশ অভিযান চালাচ্ছে। পরীক্ষার হলের শৃঙ্খলা ও নিরাপত্তা রক্ষায় কোনো ধরনের আপস করা হবে না। তিনি আরও জানান, বর্তমানে কলেজ ও আশপাশের এলাকায় পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।

৯ দফা দাবিতে প্রাথমিক শিক্ষক

কর্মসূচি যাষণা করা হয়েছে। আনোয়ারুল ইসলাম ভোতার সভাপতিত্বে সংবাদ সম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন আনিসুর রহমান এবং মূল বক্তব্য পাঠ করেন শাহীনুর আকতার। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন মনিরুজ্জামান মনির ও তপন কুমার মন্ডল। অন্তূঠানটি সঞ্চালনা করেন শাহিমুর আল আমীন ও অজিত পাল। সংবাদ সম্মেলনে শিক্ষকরা তাদের ৯টি সুনির্দিষ্ট দাবি তুলে ধরেন। দাবিগুলো হলো-সহকারী শিক্ষকদের ১১তম গ্রেডে বেতন নির্ধারণ; প্রধান শিক্ষকের শূন্য পদে দ্রুত পদোন্নতি; উচ্চতর গ্রেড প্রাপ্তির জটিলতা নিরসন; নতুন শিক্ষকদের নিয়োগের পূর্বে পুরাতন্ত্রর বদলি নিশ্চিত করা ও সর্বাধিক ৫ পদের বিদ্যালয়ের বদলি নীতিমালা শিথিলসহ পারস্পরিক ও সংযুক্তি বদলির সুযোগ প্রদান; শ্রান্তি বিমোদন ভাতা প্রাপ্তির জটিলতা দূরীকরণ; কারিকুলামে জীবনমুখী, কর্মমুখী ও নৈতিক শিক্ষা অন্তর্ভুক্তকরণ; প্রধান শিক্ষকদের ১০ম গ্রেড দ্রুত সময়ের মধ্যে আইবাস প্রাস প্রাস এ সক্রিয় করা; শিক্ষা সম্পর্কিত নীতিনির্ধারণী ক্ষেত্রে শিক্ষকদের প্রতিনিধিত্ব নিশ্চিত করা এবং বিদ্যালয়ের সময়সূচী সকাল ১০টা থেকে দুপুর ৩টা পর্যন্ত নির্ধারণ করা। সংবাদ সম্মেলনে শিক্ষকদের অধিকার আদায়ের এই আন্দোলনে সংশ্লিষ্ট জানিয়ে আরও বক্তব্য রাখেন শিক্ষক নেতা আসমা খানম, মো. আবুল খায়ের, এনামুল হক, সাবেরা বেগম, জহিরুল ইসলাম জামরুল, গাজী সালাউদ্দিন, নূরে আলম সিদ্দিক রবিউল, আমিনুল হক, আব্দুর রহমান, মোঃ ইলিয়াস হোসেন, মোঃ রাসেল কবির, মিজাবুর রহমান, ওয়াহুদ হুইয়া, মিজানুর রহমান (পরিষদ) ও নাজমুল হোসেন প্রমুখ। বক্তারা বলেন, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা দীর্ঘদিন ধরে নানা বৈষম্যের শিকার। শিক্ষার গুণগত মান উন্নয়ন ও শিক্ষকদের জীবনানার রক্ষায় এই ৯ দফা দাবি দ্রুত মেনে নেওয়ার জন্য তারা সরকারের প্রতি জোর দাবি জানান।

ভারত থেকে ইলিশ আমদানি বন্ধ ১০৩ অনাপত্তি সনদ বাতিল

কীর্তনখোলা ডেস্ক
ইলিশ আমদানির ১০৩টি অনাপত্তি সনদ বাতিলের সিদ্ধান্ত কার্যকর করেছে মৎস্য অধিদপ্তর। এর ফলে ভারত থেকে বাংলাদেশে ইলিশ আমদানি বন্ধ হয়ে গেছে। মৎস্য অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিচালক ড. মো. খালেদ কনকের ও এর পাতায় দেখুন



ইলিশের প্রধান প্রজ্ঞান মৌসুমে মা ইলিশ সংরক্ষণ অভিযান উপলক্ষে জেলা টাস্কফোর্স কমিটির সভায় বক্তব্য রাখেন জেলা প্রশাসক মামুন খন্দকার -কীর্তনখোলা

জ্বালানি তেলের দাম বাড়ায় ইলিশ শিকারে বাড়তি চাপ

কুয়াটা প্রতিনিধি

জ্বালানি তেলের মূল্যবৃদ্ধিতে সাগরে ইলিশসহ সামুদ্রিক মাছ শিকারে বাড়তি ব্যয়ের চাপে পড়েছেন পটুয়াখালীর কুয়াটা উপকূলের জেলেরা। হঠাৎ (২২ সেপ্টেম্বর) আলিপুর-মহিপুর তেলের দাম বেড়ে যাওয়ার দরুন আলিপুর-মহিপুর

থেকে সাগরে যাওয়া শত শত মাছ ধরার ট্রালারের জ্বালানি খরচ বেড়েছে। এতে দৃষ্টিভঙ্গি পড়েছেন জেলে ও ট্রালার মালিকরা। বুধবার (২৩ সেপ্টেম্বর) আলিপুর-মহিপুর মৎস্যবন্দর ঘুরে জেলে, ট্রালার মালিক ও ব্যবসায়ীদের সঙ্গে

কথা বলে এসব তথ্য জানা গেছে। আলিপুর-মহিপুর দেশের দক্ষিণাঞ্চলের অন্যতম বৃহৎ মৎস্য অবতরণকেন্দ্র। এ বন্দর থেকে প্রতিদিন শত শত ট্রালার বন্দোপসাগরে ইলিশসহ বিভিন্ন প্রজাতির সামুদ্রিক মাছ শিকারে যায়। ও এর পাতায় দেখুন

৬৬ বছরেও ইটের টুকরো পড়েনি যে সড়কে

কলাপাড়া প্রতিনিধি
বাহীনতার ৫৫ বছরেও পাকা হয়নি পটুয়াখালীর কলাপাড়া উপজেলার মিঠাগঞ্জ ইউনিয়নের গাজীর বাজার থেকে বাংলা বাজার পর্যন্ত প্রায় তিন কিলোমিটার সড়ক। এমনকি সড়কটিতে বৈ ইটের সলিংও। ফলে বর্ষা মৌসুমে সড়কটির অপর নাম হয় দুর্ভোগের পথ। স্থানীয়দের দাবি, ১৯৬০ সালে আকারমানিক নদীর তীরে বৃহত্তর ৪ নম্বর মিঠাগঞ্জ ইউনিয়ন গেড়ে ওঠে। ইউনিয়নের নাম যে গ্রামের নামে, সেই মিঠাগঞ্জের গুরুত্বপূর্ণ এ সড়কটি নীর্থানিয়েও উন্নয়নের মুখ দেখেনি। বর্ষার কয়েক মাস জ্যান, রিকশা ও মোটরসাইকেল চলাচলও কঠিন হয়ে পড়ে। কোথাও কোথাও ইটুকানা জমে থাকায় ঝুঁকি নিয়ে চলাচল করতে হয়। স্থানীয়রা জানান, সড়কটি দিয়ে মিঠাগঞ্জ সরকারি প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়, মাদরাসা, মিঠাগঞ্জ বড় জামে মসজিদ, গাজীর বাজার, বাংলা বাজারসহ উপজেলা সদরে যাতায়াত করেন এলাকার মানুষ। বর্ষায় সড়কটি চলাচলের অনুপযোগী হয়ে পড়ায় সবচেয়ে বেশি ভোগান্তিতে পড়েন শিক্ষার্থীরা। এতে শিক্ষাজীবন ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কাও রয়েছে ও এর পাতায় দেখুন

গুরুত্বপূর্ণ বার্তা
ইসলাম ও প্রাচীন শিক্ষার অপর সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল। ২০২৬ শিক্ষাবর্ষে
আবাসিক অনাবাসিক চে-কেয়ার আলিম প্রতিভা
দাখিল A+ প্রাপ্তদের জন্য
আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৭১৪৮, ০১৭১১-৭০২২৫৭, ০১৭১৪৫১১১৪

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি **নিউ লাইফ**
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

দৈনিক কীর্তনখোলা আত্মতত্ত্ব প্রতিদিন

বরিশাল ৯ বৃহস্পতিবার ৯ ২৪ সেপ্টেম্বর ২০২৬ ৯ ১১ আশ্বিন ১৪৩৩

দেশে সবজিতে মাত্রার চেয়ে ১০ শতাংশ বেশি কীটনাশক

কীর্তনখোলা ডেস্ক

দেশে সবজিতে নির্ধারিত মাত্রার চেয়ে ১০ শতাংশ ও ফলে ৪ শতাংশ বেশি কীটনাশক ব্যবহারের প্রমাণ পাওয়া গেছে জানিয়েছেন গবেষকেরা।

গত দুই বছরে নদীর তীর ভাঙনে ৪০টি পরিবার বসতভিটা হারিয়ে নিরুশ

ড. নির্মল কুমার দত্ত। কর্মশালার আয়োজন করে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি)। ড. নির্মল কুমার দত্ত বলেন, বর্তমানে দেশে কীটনাশকের ব্যবহার অনেক বেড়েছে। ফলে পোকামাকড় ও এর পাতায় দেখুন

আড়িয়াল খাঁ'র তীব্র ভাঙনে বসতভিটা হারাচ্ছে মিয়ারচরের বাসিন্দারা

গৌরনদী প্রতিনিধি

বরিশালের গৌরনদী উপজেলার আড়িয়াল খাঁ নদীর তীব্র ভাঙনে বসতভিটা হারাচ্ছেন সরকারি ইউনিয়নের আড়িয়াল তীরবর্তী মিয়ারচর এলাকার বাসিন্দারা। গত দুই বছরে নদীর তীর ভাঙনে ৪০টি পরিবার বসতভিটা হারিয়ে নিরুশ



হয়েছে। নতুন করে গত এক মাসের ব্যবধানে বিদ্যালয়ে যাওয়াতেও একমাত্র ব্রিজ ও রাস্তা ধসে পাটটি পরিবারের বসতভিটা নদীপার্শ্বে হারিয়ে যোগাযোগ বন্ধ হওয়ার ও এর পাতায় দেখুন



৩২ লাখ টাকার সড়কে কার্পেটিং উঠে যাওয়ার অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে প্রায় ৩২ লাখ টাকা ব্যয়ে নির্মিত একটি কার্পেটিং সড়কে অনিয়মের অভিযোগ উঠেছে। নির্মাণকাজ শেষ হওয়ার কয়েক মাসের মধ্যেই সড়কটির অস্বাভাবিক ভাবে গিয়ে কার্পেটিং উঠে গেছে বলে অভিযোগ স্থানীয়দের। এ বিষয়ে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ভাইরাল হওয়া একটি ভিডিও নিয়েও আলোচনা হচ্ছে। বুধবার (২৩ নভেম্বর) সরেজমিনে মদনপুরা ইউনিয়নের মধ্যম মদনপুরা এলাকায় গিয়ে সড়কটির পাইলিংয়ের দুই অংশে দর্শন যাওয়া এবং কার্পেটিং উঠে যাওয়ার চিত্র দেখা যায়। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের ও এর পাতায় দেখুন



চুরি করে পালানোর সময় চোরাই মালসহ ভাই-বোন আটক

বাবুগঞ্জ প্রতিনিধি

বরিশালের বাবুগঞ্জে সংঘবদ্ধ চুরির ঘটনায় চোরাই মালামালসহ আপন ভাই-বোনকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করেছেন স্থানীয়রা। বুধবার (২৩ সেপ্টেম্বর) সকালে উপজেলার জাহাঙ্গীরনগর ইউনিয়নের আশুরের গ্রামে এ ঘটনা ঘটে। আটক ব্যক্তিরা হলেন, মুলাদী উপজেলার পাছুয়া গ্রামের আবদুর রহমান সরদারের ছেলে জমিদ সরদার (৪০) ও মেয়ে রুমা আক্তার (৩৫)। আশুরপুর পুলিশ তদন্ত কেন্দ্রের ইনচার্জ মো. আমিনুল ইসলাম ও এর পাতায় দেখুন

অধ্যাপক ডা. এন.সি. ডি রবীন্দ্র
এমবিবিএস(চাক্ষু্যতি ও ডিএমসি) এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন অরথিস(আমেরিকা বোইজিং চীন) এনআইও(চাক্ষু্যত)স্নাকো ও প্রোকোম ফেলো,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা ও এস.বি.ন্যাশনাল কনফারেন্স ও সেরা চিকিৎসা পদকপ্রাপ্ত
মাথা ব্যথা, প্রোকোম, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ
বিদ্যমান প্রধান: সের. ই.বহনো চিকিৎসক শ্রদ্ধেয় ডঃসহপদার (এক্স) বর্ধমান সচিব এনআইও চিকিৎসক বঙ্গদেশ ও রাসপদারের বর্ধমান
বরিশাল চেয়ার: মেঘা ডায়াগনস্টিক ল্যাব
৪০ সের. সের. (সের. সের. ইন) এর বিশেষজ্ঞ বর্ধমান। গিরিজা সের. ০১৭০৯০৯০৯, ০১৭০৯০৯০৯

তিন বিতর্কিত আইনে সংকুচিত মানবাধিকার: এইচআরডব্লিউ

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের নতুন সরকার সম্প্রতি সংসদে তিনটি বিতর্কিত আইন পাস করে মানবাধিকার সুরক্ষা সংকুচিত করেছে এবং তাদের আগের সংস্কার প্রতিশ্রুতি থেকে সরে এসেছে বলে অভিযোগ করেছে আন্তর্জাতিক মানবাধিকার ও এর পাতায় দেখুন



গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী এলাকার দৃশ্যমান উন্নয়নের জন্য সুপরিকল্পিত পরিকল্পনা দরকার

ভাঙ্গিয়া প্রতিনিধি

বর্তমান সরকারের গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহমেদ সোহেল মনজুর (সুমন) এমপি বলেছেন, এলাকার দৃশ্যমান উন্নয়নের জন্য সুপরিকল্পিত পরিকল্পনা দরকার। একটি আধুনিক এবং উন্নত উপজেলা গঠনে আমাদের সকলকে 'ষ' অবস্থান থেকে আন্তরিক ভাবে কাজ করতে হবে। তিনি বলেন,আমরা যদি পরিকল্পনা মাফিক আগাতে পারি তা হলে পরিবর্তন সম্ভব। আমাদের প্রধানমন্ত্রী সবসময় একটি কথা বলেন যে, 'পরিবর্তনের জন্য একটি প্ল্যান দরকার'। তা নাহলে পরিবর্তন সম্ভব না। একটি আধুনিক উপজেলা বিনিমাণে সরকারি সকল দপ্তরের জনকল্যাণমুখী বার্ষিক ও এর পাতায় দেখুন



হাসপাতালের শিশু ওয়ার্ডে পাঁচ গুণ রোগী, তীব্র সংকটে ওষুধ-সরঞ্জাম

ভোলা প্রতিনিধি

৬০ শয্যার শিশু ওয়ার্ডে রোগী ভর্তি থাকছেন প্রায় ৩০০ জন। জায়গা না পেয়ে কেউ মোকোচে, কেউ বেডের চান্দ পেতে সন্তানকে নিয়ে চিকিৎসা নিচ্ছেন। এর মধ্যে কয়েক দিন ধরে হাসপাতাল থেকে প্রয়োজনীয় ওষুধ, স্যালাইন, ইনজেকশন, ক্যানোলা ও সিরিঞ্জ না পাওয়ায় বাইরে থেকে এসব কিনতে হচ্ছে রোগীর স্বজনদের। এতে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন নিম্ন আয়ের পরিবারের সদস্যরা। ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নিউমোনিয়া ও ঠাণ্ডাজনিত রোগে আক্রান্ত শিশুদের চাপ বাড়ার মধ্যেই দেখা দিয়েছে চিকিৎসাসামগ্রীর এই সংকট। হাসপাতাল কর্তৃপক্ষ বলছে, রোগীর সংখ্যা ধারণক্ষমতার কয়েক গুণ বেড়ে যাওয়ায় সরবরাহে ঘাটতি তৈরি হয়েছে। নতুন করে ওষুধ ও চিকিৎসাসামগ্রী সংগ্রহের তেঁড়ার প্রক্রিয়াধীন রয়েছে। ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক সূত্রে জানা গেছে, শিশুদের ও এর পাতায় দেখুন

কুয়াটায়া ম্যাজিস্ট্রেট পরিচয়ে প্রতারণা, যুবকের কারাদণ্ড

কুয়াটা প্রতিনিধি

নিজেই নির্বাহী ম্যাজিস্ট্রেট পরিচয় দিয়ে হোটেল কক্ষ বুকিং, বিকাশের দোকানে ৩০ হাজার টাকা 'চার্জ' নেওয়া এবং সরকারি নিয়োগপত্র ও বিসিএস গেজেট জালিয়াতির অভিযোগে মো, রাসেল হাওলাদার (২৮) নামে এক ব্যক্তিকে এক বছরের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়েছে। বুধবার (২৩ সেপ্টেম্বর) বিকেলে পটুয়াখালীর কুয়াটায়া জামায়াত আদালতের অভিযানে তাকে আটক করা হয়। দণ্ডপ্রাপ্ত রাসেল হাওলাদার বালকাটির নলভিট উপজেলার প্রতাপ এলাকার হারুন অর রশিদের ছেলে। প্রশাসন ও সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, রাসেল বিভিন্ন স্থানে নিজেই নির্বাহী ম্যাজিস্ট্রেট পরিচয় দিয়ে প্রতারণা করতেন। কুয়াটায়া এসে ওই পরিচয়ে একটি হোটেলের কক্ষ বুক করেন। পরে একটি ও এর পাতায় দেখুন

বিশিষ্টাধির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৪৬৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফস্টেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com